# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
## ম য় ম ন সিং হ

তারিখ ঃ ২৭-০৫-২০১৫

## জুলাই-ডিসেম্বর ২০১৫ সিমেস্টারে এম.এস. কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে জুলাই-ডিসেম্বর ২০১৫ সিমেস্টারে ভেটেরিনারি, কৃষি, পশুপালন, কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান, কৃষি প্রকৌশল ও কারিগরী এবং মাৎস্য বিজ্ঞান অনুষদের অন্তর্ভূক্ত বিভাগসমূহে তিন সিমেস্টার মেয়াদী এম.এস. কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তির জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য তথ্যাদি নিম্নে প্রদান করা হলো ঃ

**ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ঃ**

১. ভেটেরিনারি অনুষদের অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তির জন্য ডিভিএম অথবা এমবিবিএস/সমমান ডিগ্রীধারী হতে হবে।

২. অন্যান্য অনুষদের সকল বিভাগে ভর্তির জন্য এই বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক ডিগ্রী অথবা অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুরূপ ডিগ্রী থাকতে হবে।

৩. ক) কোর্স ক্রেডিট পদ্ধতিতে পাশকৃত প্রার্থীদেরকে জিপিএ ৪ এর মধ্যে কমপক্ষে ২.৫ অথবা ৫ এর মধ্যে কমপক্ষে ৩.৫ থাকতে হবে এবং Pre-requisite কোর্সসমূহে গড়ে B (বি) গ্রেড/বার্ষিক পদ্ধতিতে পাশকৃত ছাত্রগুছাত্রীদের গড়ে ৫০% নম্বর থাকতে হবে।

খ) স্বগুস্ব পাঠ্য পর্ষদ প্রয়োজনীয় Pre-requisite কোর্সসমূহ নির্ধারণ করে গড়ে B (বি) গ্রেড/বার্ষিক পদ্ধতিতে পাশকৃত ছাত্রগুছাত্রীদের গড়ে ৫০% নম্বর প্রাপ্তদের ভর্তির জন্য সুপারিশ করবেন।

৪. ৩ নং শর্ত পূরণ সাপেক্ষে যারা এ বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ে কৃষি সম্প্রসারণ শিক্ষা, প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান, কৃষি পরিসংখ্যান এবং গ্রামীণ সমাজবিজ্ঞান বিষয়সমূহের প্রতিটিতে সিমেস্টার পদ্ধতিতে ন্যূনতম ৪ (চার) ক্রেডিট অথবা বার্ষিক পদ্ধতিতে ন্যূনতম ১৫০ নম্বর অধ্যয়ন করে উত্তীর্ণ হয়েছে, তারা ঐ চারটি বিষয়ে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

**অন্যান্য তথ্যাদি ঃ**

১. পূবালী ব্যাংক লিঃ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় চত্ত্বর শাখা, ময়মনসিংহ থেকে টাঃ ৫০০.০০ (পাঁচ শত) মাত্র প্রদান পূর্বক ভর্তির জন্য নির্ধারিত আবেদনপত্র **০১ জুন ২০১৫ থেকে ১৫ জুন ২০১৫ পর্যন্ত** সংগ্রহ এবং সংগৃহীত আবেদনপত্র যথাযথভাবে পূরণ পূর্বক উক্ত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ভর্তিচ্ছু বিভাগে জমা দেয়া যাবে।

২. আবেদনকারী সংশিণ্টষ্ট আবেদনপত্রে তার পছন্দ ক্রমানুসারে ভর্তির লক্ষ্যে মোট তিনটি বিষয়ের নাম উলেণ্টখ করতে পারবে।

৩. আবেদনপত্রের সাথে সকল পরীক্ষার সত্যায়িত সার্টিফিকেট, মার্কশীট ও ১ কপি পাসপোর্ট সাইজ ছবি জমা দিতে হবে। এছাড়া বর্তমানে অন্য কোথাও ভর্তি নাই অথবা এই বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত অবস্থায় অন্য কোন বিভাগ/ইনস্টিটিউট/বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবো না-এই মর্মে স্ব-হস্তে লিখিত অঙ্গিকারনামা প্রদান করতে হবে।

৪. অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে মাইগ্রেশন সার্টিফিকেট জমা দিতে হবে।

৫. চাকরিরত প্রার্থীদেকে নিজ নিয়োগকর্তার নিকট থেকে "অধ্যয়নকালীন সময়ে ক্লাসে যোগদান এবং শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য তিন সিমেস্টারব্যাপী সময়কাল অর্থাৎ ১৮ মাসের ছুটি প্রদান করা হবে"- এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে। ভর্তির তারিখ থেকে তিন মাসের মধ্যে ছুটির চূড়ান্ত কাগজপত্র জমা না দিলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৬. এই বিশ্ববিদ্যালয়ে সাধারণ নিয়মে এম.এস. কোর্সে দ্বিতীয় বার ডিগ্রী অর্জনের লক্ষ্যে ছাত্র-ছাত্রী ভর্তির কোন সুযোগ নেই। তবে, বিশেষ ক্ষেত্র হিসেবে বিশেষ বিবেচনায় ছাত্র-ছাত্রীদের বিষয় ভিত্তিক প্রয়োজনীয়তার নিরিখে তাদের নিয়োগকর্তা কর্তৃক সুপারিশের আলোকে এর Merit বিবেচনায় ৫নং শর্ত পূরণ সাপেক্ষে দ্বিতীয় বার এম.এস. কোর্সে ভর্তি হওয়ার বিষয় বিবেচনা করা যেতে পারে।

৭. শিক্ষাদান ও গবেষণার সুযোগ সুবিধাদির নিরিখে বিভাগীয় পাঠ্য পর্ষদই সংশিণ্টষ্ট বিভাগে ছাত্র-ছাত্রী ভর্তির বিষয়টি নির্ধারণ করবেন এবং এ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদেরকে অগ্রাধিকার প্রদান পূর্বক ছাত্র-ছাত্রী ভর্তির সংখ্যাও নিরূপন করবেন। এ জন্য প্রার্থীরা যে বিভাগে ভর্তি হতে ইচ্ছুক সে বিভাগে যোগাযোগ পূর্বক আবেদনপত্র জমা দেবে। ভর্তি ইচ্ছুক ছাত্র-ছাত্রী পূর্বে কোন সিমেস্টারে ভর্তিকৃত কি-না, চাকরিরত কি-না ইত্যাদি বিষয় বিভাগীয় পাঠ্য পর্ষদ কর্তৃক যাচাই-বাছাই পূর্বক সুপারিশকৃত প্রার্থীদেরকে ভর্তি করা হবে। ভর্তিচ্ছু প্রার্থীর আবেদনপত্রে সুপারভাইজারের সম্মতিপত্র বা স্বাক্ষর ব্যতীত ভর্তি করা হবে না।

৮. পূর্বে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীরা নতুন করে জুলাই-ডিসেম্বর ২০১৫ সিমেস্টারে ভর্তি হতে হলে পূর্বে ভর্তিকৃত বিভাগের বিভাগীয় প্রধান, সংশি- ষ্ট সুপারভাইজার এবং কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি মহোদয়ের সুপারিশক্রমে

পূর্বের ভর্তি বাতিল করতে হবে।

৯. ক) সংশিণ্টষ্ট বিভাগীয় প্রধান ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রীদের আবেদনপত্রসমূহ পাঠ্য পর্যদের মাধ্যমে সুপারিশসহ **২১ জুন ২০১৫** তারিখের মধ্যে কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি অফিসে পাঠাবেন।

খ) সংশি- ষ্ট বিভাগীয় প্রধান অন্যান্য বিশ্ববিদ্যালয় হতে আগত ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রী এবং অপেক্ষমান তালিকা থেকে ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রীদের আবেদনপত্রসমূহ পাঠ্য পর্যদের মাধ্যমে সুপারিশসহ **০১ জুলাই ২০১৫** তারিখের মধ্যে কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি অফিসে পাঠাবেন।

১০. নির্বাচিত ছাত্র-ছাত্রী এবং অন্যান্য বিশ্ববিদ্যালয় থেকে আগত ও অপেক্ষমান তালিকা থেকে ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রীরা নিম্নবর্ণিত তারিখ ও সময়ের মধ্যে রেজিস্ট্রার কার্যালয়ের শিক্ষা বিষয়ক শাখা থেকে আবেদনপত্র সংগ্রহ পূর্বক নির্ধারিত কার্যাদি সম্পন্ন করে ভর্তি ফিসহ আবেদনপত্র কোষাধ্যক্ষ কার্যালয়ে জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে ঃ

| | |
|---|---|
| ভেটেরিনারি | ২৫-০৬-২০১৫ তারিখ<br>সকাল ১০ঃ০০ টা হতে বিকাল ৩ঃ০০ মিনিট পর্যন্ড় |
| কৃষি অনুষদ এর অন্ডর্ভূক্ত বিভাগসমূহ | ২৮-০৬-২০১৫ তারিখ<br>সকাল ১০ঃ০০ টা হতে বিকাল ৩ঃ০০ মিনিট পর্যন্ড় |
| পশুপালন অনুষদ এবং কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান অনুষদ এর অন্ডর্ভূক্ত বিভাগসমূহ | ২৯-০৬-২০১৫ তারিখ<br>সকাল ১০ঃ০০ টা হতে বিকাল ৩ঃ০০ মিনিট পর্যন্ড় |
| কৃষি প্রকৌশল ও কারিগরী অনুষদ এবং মাৎস্য বিজ্ঞান অনুষদের অন্ডর্ভূক্ত বিভাগসমূহ | ৩০-০৬-২০১৫ তারিখ<br>সকাল ১০ঃ০০ টা হতে বিকাল ৩ঃ০০ মিনিট পর্যন্ড় |
| অন্যান্য বিশ্ববিদ্যালয় থেকে আগত এবং অপেক্ষমান তালিকা থেকে ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রী | ০৬-০৭-২০১৫ তারিখ<br>সকাল ১০ঃ০০ টা হতে বিকাল ৩ঃ০০ মিনিট পর্যন্ড় |

১১. ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাস **২৭ জুলাই ২০১৫** তারিখ থেকে শুর“ হবে।

১২. অসম্পূর্ণ, অনিয়মিত এবং অস্পষ্ট আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

স্বা/-

**রেজিস্ট্রার**